ভোরের কাগজ

284

তারিখ ...... DEC. 1-3-1999
পৃষ্ঠা ১২ কলাম ৬

# আজ অনুষ্ঠেয় ঢা.বির সকল পরীক্ষা দু মাস পিছিয়ে গেছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে আজ অনুষ্ঠেয় সকল পরীক্ষা হরতালের কারণে ২ মাস পিছিয়ে গেছে।

আজ অনুষ্ঠেয় সাংবাদিকতা, আন্তর্জাতিক সম্পর্ক এবং গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের পরীক্ষাসমূহ আগামী বছরের ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। দর্শন, ইসলামের ইতিহাস বিষয়ের পরীক্ষা আগামী ১৭ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে।

এ ছাড়া আগামী ১২ ফেব্রুয়ারি পূর্বনির্ধারিত সাংবাদিকতা ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সর্বাত্মক দুটি কোর্স পরীক্ষা ১৭ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। অপরদিকে আগামী ১৭ জানুয়ারি অনুষ্ঠেয় ইসলামের ইতিহাস বিষয়ের পরীক্ষা হবে ২৯ জানুয়ারি।

বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পরীক্ষার অন্যান্য সময়সূচি অপরিবর্তিত থাকবে।